



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট  
উপবৃত্তি শাখা

বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯



মুক্তিবাচক  
প্রতিষ্ঠান

মং-৩৭, ২৪,০০০,০৩,০৯৮,০০৮, ২১- ৩২

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ  
২৯ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের চিকিৎসা সহায়তা প্রদানের লক্ষ্যে ২০২১-২২ অর্থবছরে প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই সংক্রান্ত কমিটির সভার সুপারিশ সম্বলিত কার্যবিবরণী।

সভাপতি : কাজী দেলোয়ার হোসেন, পরিচালক (যুগ্ম-সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা  
সভার তারিখ : ২৯/০৯/২০২১ খ্রি:  
সময় : সকাল ৯.৩০ টা  
স্থান : সভা কক্ষ, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।

#### উপস্থিতি “ক”

২.১ সভাপতি উপস্থিতি কমিটির সদস্যব�ৃন্দকে স্বাগত জানিয়ে সভার আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করেন। সভাপতি ট্রাস্টের সহকারী পরিচালক (উপবৃত্তি)- সভার আলোচ্যসূচি উপস্থাপনের অনুরোধ জানালে তিনি সভাকে অবহিত করেন যে, ২০২১-২২ অর্থবছরের ১ম পর্যায়ে শিক্ষার্থীদের নিকট থেকে দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রাপ্তির সর্বমোট ২টি আবেদনপত্র পাওয়া গেছে। “দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এক কালীন আর্থিক অনুদান নির্দেশিকা, ২০২০” এবং প্রাপ্ত আবেদনপত্রসমূহের আলোকে প্রস্তুতকৃত শিক্ষার্থীর তালিকা কমিটির সভায় উপস্থাপন করা হয়। তিনি সভাকে আরো অবহিত করেন যে, দুর্ঘটনার গুরুত বিবেচনায় ১০,০০০/- (দশ হাজার) টাকা থেকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত এককালীন আর্থিক অনুদান প্রদানের জন্য এ সংক্রান্ত নির্দেশিকায় সংস্থান রাখা আছে। ২০২১-২২ অর্থবছরে দুর্ঘটনায় গুরুতর আহত শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদানের জন্য এখাতে পর্যাপ্ত পরিমাণ অর্থের সংস্থান রয়েছে। প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করে এ সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী যথাযথভাবে গণ্য ০২ (দুই)টি আবেদনপত্র চিহ্নিত করা হয়।

২০২১-২২ অর্থবছরে ১ম পর্যায়ে দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদানের জন্য প্রাপ্ত আবেদনপত্রসমূহের সার সংক্ষেপ :

মাধ্যমিক		মোট	উচ্চ মাধ্যমিক		মোট	মাতক		মোট
যোগ্য	অযোগ্য	১টি	যোগ্য	অযোগ্য	১টি	যোগ্য	অযোগ্য	০টি
১	০		১	০		০	০	
সর্বমোট আবেদন=০২টি								
সর্বমোট যোগ্য আবেদন=০২টি								

২.২ সভার অন্যতম সদস্য কারিগরি বিশেষজ্ঞ (Technical Expert) হিসাবে ডা: মোহাম্মদ ইলিয়াছ চৌধুরী, সিভিল সার্জন, মচিবালয় ক্লিনিক, বাংলাদেশ সচিবালয়, ঢাকা কর্তৃক উপযুক্ত মর্মে ০২(দুই)টি আবেদন পুঞ্জানপুঞ্জভাবে পরীক্ষা নিরীক্ষা পূর্বক মতামত ব্যক্ত করেন। ডা: মোহাম্মদ ইলিয়াছ চৌধুরী আবেদনপত্রের সাথে সংযুক্ত মেডিকেল সাটিফিকেটসহ অন্যান্য সংশ্লিষ্ট কাগজপত্র পরীক্ষা করে ০২(দুই)টি আবেদনপত্রের মধ্যে দুর্ঘটনার গুরুত, চিকিৎসাকালীন সময় ও সম্ভাব্য ব্যয় ইত্যাদি বিবেচনায় অনুদান হিসাবে প্রদেয় অর্থের পরিমাণ নির্ধারণে বিশেষজ্ঞ মতামত ব্যক্ত করেন।

২.৩ অনুদান প্রাপ্তির জন্য যোগ্য মর্মে চিহ্নিত নিম্নবর্ণিত তালিকার ১ম আবেদনকারী মো: রিপন হোসেনের কোমড়ের হাড় ভেঁজে যাওয়ায় ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা এবং ২য় আবেদনকারী ফাতেমা আকতার মীমের কোমড়ের হাড় ভেঁজে যাওয়ায় যাওয়ায় তাকে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা, প্রদানের সুপারিশ সর্বসমতিক্রমে গৃহীত হয়।

মুক্তিবাচক  
প্রতিষ্ঠান

১/১

মুক্তি